



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
Bangladesh Open University

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর- ১৭০৫।

বাউবি'র দীক্ষা: সবার জন্য উন্মুক্ত, কর্মমুখী,
গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা
সংগ্রহ শাখা, প্রশাসন বিভাগ

বাউবি/প্রশা(ক্রম)-১৪(৯৩)/২০০৯-২০১০/পাট-০৩/১০২০

তারিখঃ ২৬/০২/২০২৬

বাউবি'র বিভিন্ন ধরনের পুরাতন মালামাল বিক্রয়ের জন্য উন্মুক্ত নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় (বাউবি) -এর বিভিন্ন স্কুল, বিভাগ, দপ্তর এবং শাখা হতে প্রাপ্ত বিভিন্ন প্রকার পুরাতন মালামাল উন্মুক্ত নিলাম দরপত্রের মাধ্যমে যেখানে যে অবস্থায় আছে সে অবস্থায় বিক্রয়ের জন্য অত্র বিজ্ঞাপনের শর্তানুযায়ী অগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট থেকে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্রের সাথে জামানত বাবদ বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৫ -এর অনুকূলে উদ্ধৃত মূল্যের ২৫% (শতকরা পঁচিশ) টাকা (তফসিলি ব্যাংক থেকে গৃহীত পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট আকারে) সংযুক্ত করতে হবে, অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে। অগ্রহী দরদাতা ব্যক্তি/প্রতিষ্ঠান প্রয়োজনে বাউবি'র সংশ্লিষ্ট অফিসে রক্ষিত পুরাতন বিভিন্ন প্রকারের মালামালসমূহ পরিদর্শন করতে পারবেন।

বাউবি'র পুরাতন বিভিন্ন প্রকার মালামালের বিবরণঃ


ক্রম	মালামালের বিবরণ	মালামালের পরিমাণ (±)	মালামাল পরিদর্শনের স্থান এবং বিক্রয়দেশপ্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক মালামাল গ্রহণের স্থান
১.	বাউবি'র কেন্দ্রীয় স্টোরে রক্ষিত পুরাতন বিভিন্ন প্রকার মালামাল (গাড়ী ব্যতিত)।	লট	বাউবি ক্যাম্পাস, গাজীপুর-১৭০৫।
২.	বাউবি'র যানবাহন শাখায় পুরাতন যন্ত্রাংশ, ব্যাটারী ও টায়ার টিউব।	লট	
৩.	বাউবি'র ইঞ্জিনিয়ারিং ও এস্টেট বিভাগের পুরাতন বিভিন্ন প্রকার মালামাল।	লট	
৪.	বাউবি'র পিপিডি বিভাগের পুরাতন বিভিন্ন প্রকার মালামাল।	লট	
৫.	বাউবি'র গেষ্ট হাউজের পুরাতন বিভিন্ন প্রকার মালামাল।	লট	

অফেরথযোগ্য ১,০০০/- (এক হাজার) টাকার বিনিময়ে এতদসংক্রান্ত দরপত্র সিডিউল বাউবি'র গাজীপুরস্থ অর্থ ও হিসাব বিভাগের ক্যাশ শাখা হতে সংগ্রহ করা যাবে। দরপত্র সিডিউল ০২/০৩/২০২৬ হতে ১০/০৩/২০২৬ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে ক্রয় করা যাবে। এতদসংক্রান্ত মালামালসমূহের বিস্তারিত বিবরণ সিডিউলে পাওয়া যাবে।

দরপত্রসমূহ বাউবি'র গাজীপুরস্থ ট্রেজারার মহোদয়ের দপ্তরে রক্ষিত দরপত্র বাক্সে আগামী ১০/০৩/২০২৬ তারিখ দুপুর ০২:০০ টা পর্যন্ত গ্রহণ করা হবে এবং একই দিন ০২:১৫ মিনিটে দাখিল/গ্রহণের স্থানে উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

সকল দরদাতাকে কার্যাদেশ/বিক্রয়দেশ পাওয়ার ১০(দশ) কার্যদিবসের মধ্যে অবশিষ্ট ৭৫% অর্থ ও সরকারী আইন/বিধি মোতাবেক নিলাম পণ্যের ক্রেতাকে উৎসে কর ও ভ্যাট প্রদানপূর্বক মালামাল গ্রহণ করতে হবে। অন্যথায় জামানত বাজেয়াপ্তপূর্বক দরপত্র বাতিল করা হবে।

বাউবি কর্তৃপক্ষ যে কোন বা সকল দরপত্র কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে গ্রহণ/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।


(মোঃ মুসাজ্জম)

যুগ্ম-পরিচালক (সংগ্রহ)

সংগ্রহ শাখা, প্রশাসন বিভাগ

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৫।

টেলিফোন নম্বরঃ ০৯৬৬৬৭৩০৭৩০

আইপি এক্সঃ ৮৬২